

## স্বাস্থ্য ও নিরাপত্তা আইনসমূহ চ্যারিটিতে কর্মরত ভলান্টিয়ারদের জন্য প্রযোজ্য কি?

### (Does Health and Safety legislation apply to volunteers working for charities?)

যে কোনো সংগঠনের যদি অন্ততঃ একজন বেতনভোগী কর্মচারী থাকেন, তাহলে HSW Act এর অধীনে প্রণীত অন্যান্য বিধিমালায় উদ্দেশ্য পূরণের জন্য ঐ সংগঠনকে 'নিয়োগকারী' হিসাবে ধরা হয়।

The Management of Health and Safety at Work Regulations 1999 (ISBN 0717624889 – HSE Books-এ পাওয়া যায়) দ্বারা কর্মচারী ও অন্য যে কেউ (যেমন, ভলান্টিয়ারী কর্মী, সেবা গ্রহীতা ও কাস্টমার) যারা গৃহীত কাজকর্মের দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন, তাঁদের প্রতি যেসব ঝুঁকি রয়েছে তা নিরূপনের জন্য নিয়োগকারী ও স্ব-নিয়োজিত ব্যক্তিগণ, উভয়ের প্রতি দায়িত্ব আরোপ করা হয়েছে। এই ঝুঁকি নিরূপন কাজের ফলে চিহ্নিত ঝুঁকি কমানোর জন্য উপযুক্ত প্রতিরোধমূলক ও সুরক্ষামূলক ব্যবস্থা নিতে হবে, যদি বর্তমানে তা যথেষ্টভাবে নিয়ন্ত্রিত না হয়ে থাকে। কিছু বিধিমালাতে, যা পরবর্তীতে উল্লেখ করা হয়েছে, কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে কি কি সুনির্দিষ্ট সুরক্ষা ও প্রতিরোধ ব্যবস্থা নিতে হবে বা কখন নির্দিষ্ট কার্যক্রম নিতে হবে তা বর্ণনা করা হয়েছে।

সাধারণভাবে, একই স্বাস্থ্য ও নিরাপত্তা মানদণ্ড ভলান্টিয়ারী কর্মীদের ক্ষেত্রেও প্রয়োগ করা উচিত, একই ঝুঁকির সম্মুখীন অন্য কর্মচারীদের মত। তবে, যদি ঝুঁকি পরিমাপে ভলান্টিয়ারী কর্মীদের ঝুঁকি ভিন্ন বলে দেখা যায়, তাহলে গৃহীতব্য প্রতিরোধ ও সুরক্ষামূলক ব্যবস্থাও অবস্থা অনুযায়ী ভিন্ন হতে হবে।

এইচএসই মনে করে যে নিয়োগকর্তা/নিয়োগকৃত সম্পর্কের ক্ষেত্রে যে মাত্রার স্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষা দেয়া হয়, সেই একই মাত্রার সুরক্ষা ভলান্টিয়ার কর্মীদের দেয়া একটি ভাল নিয়ম, সেক্ষেত্রে কঠোর আইনগত দায়িত্ব থাকুক বা না থাকুক।

এইচএসই একটি দিকনির্দেশনামূলক প্রকাশনা প্রকাশ করেছে, HSG192, Charity and voluntary workers: a guide to health and safety at work, (ISBN 0717624242 - HSE Books- এ পাওয়া যায়)।